

ইউনিক আইডি প্রদান সংক্রান্ত তথ্যছক পূরণ এবং অনলাইন জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ কার্যক্রম পরবর্তী
নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করা হল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

একীভাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (লালশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd e-mail: crvs_ieims@banbeis.gov.bd



স্মারক নং: ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৭.১৯/IEIMS- ২৮৪

তারিখ: ১২ জুলাই ২০২১
২৬ মে ২০২১

বিষয়: তথ্যছক পূরণ এবং অনলাইন জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ কার্যক্রম স্থগিত রাখা সংক্রান্ত।

সূত্র: IEIMS প্রকল্পের স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৮৭.১৯/IEIMS-২৮০ তারিখ ২৫/০৫/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষার্থীদের UID প্রদান সংক্রান্ত বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে হাজির করার মাধ্যমে তথ্যছক সরবরাহ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন জন্ম সনদ জমা প্রদান সংক্রান্ত নোটিশ জারির মাধ্যমে শিক্ষার্থীদের মাকে স্বাস্থ্য নৃকিসহ শিক্ষার্থী ও অভিভাবকদের ভোগাতির সৃষ্টি হচ্ছে।

২। অদ্য ২৬/০৫/২০২১ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় আঞ্চলিক পরিচালক ও জেলা শিক্ষা অফিসারগণের সঙ্গে অনুষ্ঠিত সভায় (জুম) প্রাপ্ত মতামতের আলোকে IEIMS প্রকল্পের মাধ্যমে তথ্যছক পূরণ এবং ডেটা এন্ট্রি সংক্রান্ত বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান সমাপ্ত না হওয়া এবং শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত তথ্যছক পূরণ কার্যক্রম আপাতত স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো। শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম শুরুর পর UID প্রদান সংক্রান্ত তথ্যছক পূরণের কার্যক্রম পর্যায়ক্রমে গ্রহণ করা যেতে পারে। তথ্যছক পূরণের সময়সীমা পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।


২৬.০৫.২০২১

(প্রফেসর মো: শামশুল আলম)
প্রকল্প পরিচালক
IEIMS প্রকল্প
ফোন- ৫৫১৫১৬২৫
pdieims@banbeis.gov.bd

বিতরণ:

- ১। অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক.....
- ২। প্রধান শিক্ষক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- (২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- (৩) রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল, ঢাকা;
- (৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- (৫) মহাপরিচালক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- (৬) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- (৭) মহাপরিচালক, ব্যানবেইস, ঢাকা;
- (৮) আঞ্চলিক পরিচালক, সকল অঞ্চল (জরুরীভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ);
- (৯) জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (জরুরীভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ);
- (১০) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারি প্রোগ্রামার উপজেলা (সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার অনুরোধসহ);
- (১১) অফিস নথি।

